বহুল জিজ্ঞাসিত প্রশ্নাবলী

শিক্ষার্থী কর্তৃক শিক্ষার্থীর প্রতি বৈষম্য, হয়রানি, ভীতিপ্রদর্শন, বুলি করা

1. **আমি কীভাবে বুলি করা এবং/অথবা যৌন হয়রানির বিরুদ্ধে রিপোর্ট করতে পারবো?**

আপনার স্কুল যাতে যথাযথ পদক্ষেপ গ্রহণ করতে পারে যাতে নিশ্চয়তা দেওয়া যায় যে এ ধরনের আচরণ বন্ধ হবে এবং আপনি/আপনার সন্তান সহায়তা লাভ করবেন।

আপনি/আপনার সন্তান, কিংবা অপর কোনো শিক্ষার্থী বুলি বা হয়রানির শিকার হয়ে থাকলে তার সাথে সংশ্লিষ্ট ঘটনার রিপোর্ট আপনি করতে পারবেন:

- আপনার স্কুলের কোনো শিক্ষক বা অপর কোনো স্টাফ-এর সাথে কথা বলে
- এই ফর্ম পূরণ করে এবং সেটা আপনার স্কুলের যে কোনো স্টাফের কাছে জমা দিয়ে
- DOE-এর এই অনলাইন পোর্টাল-এ একটি অভিযোগ দায়ের করে: https://www.nycenet.edu/bullyingreporting

রিপোর্ট করার পর, পিতামাতাগণ স্কুল প্রশাসকদের কাছ থেকে ইনসিডেন্ট (ঘটনা) নম্বর চেয়ে নিতে পারেন, যেটা অনলাইন অকারেন্স রিপোর্টিং সিস্টেম (OORS) নম্বর হিসেবেও পরিচিত।

2. **আমি কীভাবে DOE-এর নীতি ও প্রক্রিয়া এবং সহায়তা লাভের উপায় সম্পর্কে জানতে পারবো?**

DOE-এর নীতি ও প্রক্রিয়া বুঝা গুরুত্বপূর্ণ। আপনি নিচের যে কোনো ব্যক্তির সাথে কথা বলতে পারেন, যদি আপনি আরও তথ্য বা সহায়তা পেতে চান:

- আপনার স্কুলের রেসপেক্ট ফর অল (সবার প্রতি মর্যাদা, RFA) লিয়াজোঁ
- আপনার স্কুলের সেক্সুয়াল হ্যারাসমেন্ট প্রিভেনশন (যৌন হয়রানি প্রতিরোধ, RFA) লিয়াজোঁ
    - RFA এবং SHP লিয়াজোঁগণ পিতামাতা ও শিক্ষার্থীদেরকে সহায়তাদানের, এবং বুলি ও যৌন হয়রানি প্রতিরোধের জন্য আপনার সাথে কাজ করতে প্রশিক্ষিত।
    - আপনার স্কুলের এসব লিয়াজোঁদের যদি আপনি নচ চিনেন, তাহলে:
        - স্টাফদের কাউকে জিজ্ঞাসা করুন
        - আপনার স্কুলের 'রেসপেক্ট ফর অল' এবং 'চেক অ্যান্ড রেসপেক্ট' পোস্টারে খুঁজে পাবেন।
        - www.schools.nyc.gov ওয়েবসাইটে যাবেন এবং আপনার স্কুল খুঁজে বের করবেন, এবং সেখানে "স্কুল কন্ট্যাক্টস্ অ্যান্ড ইনফরমেশন" (স্কুলের যোগাযোগ ও তথ্যে) পেজ-এর নিচে পাবেন।
- আপনার স্কুলের কোনো শিক্ষক বা অপর কোনো স্টাফ-এর সাথে কথা বলে

আপনি যদি আপনার স্কুলের বাইরে DOE-এর কারও সাথে কথা বলতে চান, তাহলে সহায়তা লাভের জন্য কিছু বাড়তি উপায় দেওয়া হলো:

- 718-935-2288 নম্বরে ফোন করে বা RespectForAll@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করে রেসপেক্ট ফর অল-এর যোগাযোগ করুন
- যদি আপনার প্রাসঙ্গিক ঘটনায় কোন যৌন নির্যাতন বা লিঙ্গভিত্তিক হয়রানির সংশ্লিষ্টতা থাকে, তাহলে DOE-এর Title IX Coordinator-কে Title_IX_Inquiries@schools.nyc.gov-এর কাছে ঠিকানায় ইমেইল করুন

আরও তথ্যের জন্য অনুগ্রহ করে https://www.schools.nyc.gov/school-life/school-environment/respect-for-all ওয়েবসাইট দেখুন।

T&I 33175 Frequently Asked Questions 09132021 (Bangla)

3. **আপনি অনিরাপদ বা সহায়তার প্রয়োজন বোধ করলে আপনার স্কুল আপনাকে/আপনার সন্তানকে কোন ধরনের সহায়তার প্রদান করতে পারে এবং আমি কীভাবে সহায়তার অনুরোধ জানাতে পারি?**

যত শীঘ্র সম্ভব আপনার স্কুলের স্টাফদের একজনকে জানতে দেবেন। আপনি/আপনার সন্তান যাতে নিরাপদ মনে করে, সেটার সহায়তা দিতে স্কুল আপনার সাথে কাজ করবে।

- স্কুল অভিযোগ তদন্তের আগে, তদন্ত চলাকালে, কিংবা তদন্ত সমাপ্তের পরে যে কোনো সময় আপনি যে সহায়তার অনুরোধ জানাতে পারেন।
- বহু পথ রয়েছে re are many ways the school can support your/your child's individual needs. উদাহরণস্বরূপ:
    - আপনার স্কুল আপনাকে/আপনার সন্তানকে একজন স্কুল কাউন্সেলর, সোশ্যাল ওয়ার্কার, সাইকোলজিস্ট, কিংবা কমিউনিটির একজন পেশাদার মানসিক স্বাস্থ্যকর্মীর সাথে যোগাযোগ করিয়ে দিতে পারবে।
    - এছাড়াও শিক্ষায়তনিক সহায়তা বা ক্লাস, লাঞ্চ/বিরতি কিংবা স্কুল ছুটির পরবর্তি সময়সূচিতে কোনো পরিবর্তন করা যায় কি না, আপনার স্কুল সেটার খোঁজও করতে পারে।
    - আপনার/আপনার সন্তানের নির্দিষ্ট কোনো চাহিদা পূরণের লক্ষ্যে একটি ব্যক্তিক সহায়তা পরিকল্পনা তৈরিতেও স্কুল আপনার/আপনার সন্তানের সাথে কাজ করতে পারে। স্কুল দিবসে প্রদত্ত সহায়তা এবং DOE-এর প্রোগ্রাম/কর্মকাণ্ডের ব্যাখ্যা দেবে সে পরিকল্পনা। এর অন্তর্ভুক্ত হতে পারে নিয়মিত স্টাফ এবং সংশ্লিষ্ট আচরণ রোধ করার জন্য নির্দিষ্ট পিরিয়ডে সহায়তা প্রদানকারী নির্দিষ্ট স্কুল স্টাফদের সাথে খোঁজ-খবর নেওয়া।
    - আপনার সন্তানের যদি কোনো প্রতিবন্ধিত্ব থাকে এবং আপনার এমন উদ্বেগ থাকে যে কোনো একটি বিষয় তার লেখাপড়ায় ক্ষতি করছে, তাহলে আপনার/আপনার সন্তানের IEP টিম, সেকশন 504 টিম, এবং স্কুল প্রশাসনের সাথে কথা বলুন।
- তদন্তকালে কোনো পিতামাতা বা শিক্ষার্থীর কোনো প্রশ্ন থাকলে তারা RFA কিংবা SHP লিয়াজোঁ অথবা প্রিন্সিপ্যালের সাথে কথা বলতে পারেন।

4. **অভিযোগগুলোর তদন্ত কীভাবে করা হয়?**

আপনার স্কুলের স্টাফদের একজন অভিযোগ তদন্ত করবেন নিম্নলিখিত পদক্ষেপগুলো গ্রহণ করে:

- ঘটনার সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের সাথে আলাদাভাবে কথা বলা
- কী ঘটেছিল, অপর কোনো শিক্ষার্থী সেখানে ছিলো কিনা যার কাছে ঘটনাটির তথ্য আছে কিংবা কোনো প্রমাণ (যেমন ভিডিও, টেক্সট মেসেজ, সোশ্যাল মিডিয়া পোস্ট) আছে কিনা, সেসব বিষয় সম্পর্কে তাদেরকে প্রশ্ন করে
- তাদেরকে একটি লিখিত বিবৃতি দিতে বলে
- অন্য যারা ঘটনাটি ঘটতে দেখেছে, ঘটনাটি সম্পর্কে যারা কোনো কিছু জানে অথবা কোনো প্রমাণ আছে, তাদের সাথে আলাদাভাবে কথা বলে এবং তাদেরকে একটি লিখিত বিবৃতি দিতে বলে।

কিছু নির্দিষ্ট ধরনের যৌন নির্যাতনের ঘটনায়: টাইটেল IX, যা একটি ফেডারেল আইন, সেটার শর্তানুযায়ী DOE-এর টাইটেল IX টিমকে স্কুলের তদন্তের অতিরিক্ত আলাদা একটি তদন্ত পরিচালনা করতে হবে। টাইটেল IX তদন্ত স্কুলের তদন্তের চাইতে ভিন্ন। আপনাকে টাইটেল IX টিমও যদি ঘটনার একটি তদন্ত পরিচালনা করে, আপনাকে জানানো হবে।

টাইটেল IX সম্পর্কিত আরও তথ্যের জন্য, দেখুন:

- https://infohub.nyced.org/docs/default-source/default-document-library/doe-overview-of-title-ix-investigations-notice-of-rights.pdf
- https://www.schools.nyc.gov/about-us/policies/non-discrimination-policy/title-ix.

5. **তদন্তের পরে স্কুলের গৃহীত সিদ্ধান্ত সম্পর্কে আমাকে কীভাবে জানানো হবে?**

- স্কুল তদন্তকালে প্রাপ্ত সকল তথ্য বিবেচনা করবে এবং সে ঘটনা ও আপনাকে/আপনার সন্তানকে কীভাবে সহায়তা প্রদান করা হবে, সে ব্যাপারে সিদ্ধান্ত গ্রহণ করবে।

- রিপোর্ট করার 10 স্কুল দিবস পর স্কুল সিদ্ধান্ত জানিয়ে ঘটনার সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পিতামাতাদের কাছে একটি চিঠি দেবে। কোনো কোনো সময় তদন্তের জন্য স্কুলের অধিক সময় প্রয়োজন হতে পারে।
- স্কুলে সহায়তা লাভের সুযোগ আছে এবং তা নিয়ে কথা বলতে হলে আপনাকে স্কুলে যোগাযোগ করতে হবে।
- ঘটনার সাথে সংশ্লিষ্ট শিক্ষার্থীদের পিতামাতাদেরকে তাদের সন্তান সম্পর্কিত তথ্য প্রদান করা হবে। অপর শিক্ষার্থীকে প্রদত্ত সহায়তা ও শাস্তিমূলক ব্যবস্থার কথা স্কুল পিতামাতাদেরকে জানাবে না।

6. স্কুল যে সহায়তা দেয়, তার চেয়ে অধিক সহায়তা যদি আমার প্রয়োজন হয়, আমি কীভাবে তা পেতে পারি?

স্কুলের দেওয়া সহায়তার চাইতে অধিক সহায়তা আপনার প্রয়োজন হলে আপনি নিম্নলিখিতগুলোর যে কোনোটি করতে পারেন:

- বাড়তি সহায়তা দাবি করে একটি অভিযোগ দায়ের করতে পারেন অনলাইনে এই ওয়েবসাইটে https://www.nycenet.edu/bullyingreporting
- স্কুলে আপনি স্বাচ্ছন্দ্য বোধ করেন, এমন একজন স্টাফের সাথে কথা বলুন
- 718-935-2288 নম্বরে ফোন করে বা RespectForAll@schools.nyc.gov ঠিকানায় ইমেইল করে রেসপেক্ট ফর অল-এর যোগাযোগ করুন
- 'এসকেলেশন স্টাফ অ্যাসিস্ট্যান্স রিকোয়েস্ট ফরম' পূরণ করুন এবং সেটি ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটর ফর দ্যা সুপারিনটেনডেন্ট-এর কাছে ইমেইল করুন, যিনি আপনার স্কুলের তত্ত্বাবধান করেন: https://cdn-blob-prd.azureedge.net/prd-pws/docs/default-source/default-document-library/request_for_escalation_staff_assistance_form.pdf?sfvrsn=53b062c1_20
- সুপারিনটেনডেন্টের অফিসে ফ্যামিলি সাপোর্ট কোঅর্ডিনেটরের সাথে যোগাযোগ করুন: https://www.schools.nyc.gov/about-us/leadership/district-leadership।

7. অভিযোগ কী গোপন রাখা হয়?

আপনার স্কুলের জানা আছে যে আপনার রিপোর্ট হলো স্পর্শকাতর, এবং সর্বতো চেষ্টা করা হবে যাতে:

- রিপোর্টগুলোকে যথাসম্ভব গোপন রাখা হয়
- তদন্তের স্বার্থে বা শিক্ষার্থীদের নিরাপদে রাখার জন্য যাদেরকে জানানো প্রয়োজন, তাদেরকেই জানানো হয়

পিতামাতাদের বলা হয় যে তাদের সন্তান ঘটনার সাথে সংশ্লিষ্ট। পিতামাতাকে জানানো নিয়ে শিক্ষার্থীর যদি কোনো উদ্বেগ থাকে, তাহলে তাকে সেটা নিয়ে স্কুলে কথা বলা উচিৎ। স্কুল শিক্ষার্থী ও পিতামাতার সাথে কাজ করতে পারে এবং সহায়তা দিতে পারে।

রিপোর্টের সাথে কোনো অপরাধের সংশ্লিষ্টতা থাকলে স্কুলের অবশ্যই NYPD-কে জানাতে হবে।

চ্যান্সেলরের প্রবিধান:

A-831: https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-831-10-23-2019-final-remediated-wcag2-0

A-832: https://www.schools.nyc.gov/docs/default-source/default-document-library/a-832-student-to-student-discrimination-harassment-intimidation-and-or-bullying